



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
আমদানি নীতি শাখা

এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৬-৫৩৭৩

তারিখঃ ১৫/০৬/২০১৬

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**আন্তর্জাতিক দরপত্রের আওতায় বৈদেশিক মুদ্রায় স্থানীয়ভাবে পণ্য
সরবরাহের বিপরীতে বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধ প্রসঙ্গে।**

গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকসন্স-২০০৯ এর ৭ম অধ্যায়ের ৩৭ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী স্থানীয় উৎস হতে কাঁচামাল ক্রয়ের নিমিত্তে রপ্তানিমুখী প্রতিষ্ঠানসমূহের পক্ষে অনুমোদিত ডিলার ব্যাংকসমূহ বৈদেশিক মুদ্রায় অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র স্থাপন করতে পারে।

০২। বৈদেশিক মুদ্রায় অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র স্থাপন ছাড়াও আন্তর্জাতিক দরপত্রের আওতায় সংশ্লিষ্ট সরকারী কর্তৃপক্ষের ক্রয়াদেশ বাস্তবায়নের নিমিত্তে স্থানীয় কন্ট্রাক্টরের অনুকূলে বৈদেশিক মুদ্রায় অভ্যন্তরীণ ঋণপত্র স্থাপন করা যাবে। বৈদেশিক মুদ্রায় স্থাপিত ঋণপত্রের বিপরীতে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত এফসি ক্লিয়ারিং হিসাবের মাধ্যমে বিলমূল্য পরিশোধ নিষ্পত্তি করতে হবে। বিলমূল্য বাবদ প্রাপ্ত মূল্য গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকসন্স-২০০৯ এর ৭ম অধ্যায়ের ৩৯(ii) নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী গ্রাহকের প্রয়োজনীয় আমদানি ব্যয় নির্বাহের জন্য বৈদেশিক মুদ্রায় ৩০দিন সংরক্ষণ করা যাবে।

আপনাদের সকল অনুমোদিত ডিলার ব্যাংক শাখাগুলোকে উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫৩

ই-মেইলঃ mzhossain.chowdury@bb.org.bd